



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ভোলা।

www.doict.bhola.gov.bd



১৮ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে প্রত্নুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী
জেলা প্রশাসক, ভোলা।
তারিখ : ১৩ অক্টোবর, ২০২২ খ্রি.
সময় : দুপুর ১২:৩০ টা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আগামী ১৮ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা স্মারক নং- ৫৬.০৪.০০০০.০১০.২০.০০১.১৭-১২২; তারিখ: ০৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ এর আলোকে জেলা পর্যায়ের জন্য নির্ধারিত কার্যক্রমসমূহ আলোকপাত করেন। তিনি সভাকে জানান যে 'শেখ রাসেল দিবস ২০২২' এর প্রতিপাদ্য: 'শেখ রাসেল নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক'। এরপর প্রোগ্রামার, ভোলা সভায় প্রেজেন্টেশন স্লাইডের মাধ্যমে মাঠ পর্যায়ে সকলের করণীয় সম্পর্কে অবহিত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ও কমিটিসমূহ গঠন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	শেখ রাসেল এর প্রতিকৃতি তে পুষ্পস্তবক অর্পণ	১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা পরিষদ ৩। পৌরসভা ৪। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
০২	বর্ণাঢ্য র্যালি আয়োজন	পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের পর সকাল ০৯.৩০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্রছাত্রী সহ সকলের অংশগ্রহণে বর্ণাঢ্য র্যালি আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা পরিষদ ৩। পৌরসভা ৪। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
০৩	কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান সরাসরি সম্প্রচার	১৮ অক্টোবর ২০২২ সকাল ১০.০০ ঘটিকায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর সম্মেলন কক্ষে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা পরিষদ ৩। পৌরসভা ৪। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
০৪	জেলা প্রশাসকের কার্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার আয়োজন	সকাল ১০.৩০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর সম্মেলনক্ষে জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা/কর্মচারী, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, ছাত্রছাত্রী, এনজিও, ও সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সেমিনার/আলোচনা সভা আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ৩। জেলা শিক্ষা অফিস ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিস ৫। প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই) ৬। জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ৭। সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ৮। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), ভোলা

০৫	সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন	জেলা শিল্পকলা একাডেমি এর আয়োজনে সন্ধ্যা ০৬.৩০ ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে শেখ রাসেল স্মরণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান পরবর্তীতে শেখ রাসেল দিবস উপলক্ষ্যে জেলা পর্যায়ে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।	১। সংশ্লিষ্ট উপ-কমিটি ২। জেলা শিল্পকলা একাডেমি
০৬	প্রতিযোগিতা আয়োজন	চিত্রাঙ্কন প্রতিযোগিতাঃ “আমার তুলিতে শেখ রাসেল” প্রতিপাদ্যের উপর ৮-১২ বছর বয়সী শিশু কিশোর দের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। রচনা প্রতিযোগিতাঃ “প্রিয় শেখ রাসেল” বিষয়ের উপর ১৩-১৮ বছর বয়সী শিশু কিশোর দের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতা আয়োজন করতে হবে। প্রেজেন্টেশন প্রদত্ত প্রতিযোগিতাঃ “প্রিয় শেখ রাসেল” বিষয়ের উপর ১৩-১৮ বছর বয়সী শিশু কিশোর দের অংশগ্রহণে প্রেজেন্টেশন প্রদত্ত প্রতিযোগিতা আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা শিক্ষা অফিস ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিস ৪। জেলা শিশু একাডেমি ৫। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
০৭	জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শেখ রাসেল ডিজিটাল ল্যাব নির্বাচন	জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন করে পুরস্কৃত করার উদ্যোগ গ্রহণ করে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত নির্ধারিত ছক মোতাবেক মূল্যায়ন করতঃ ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ল্যাবসমূহ হতে নির্ধারন করতে হবে।	১। সংশ্লিষ্ট উপ-কমিটি
০৮	প্রচার ও ব্র্যান্ডিং কার্যক্রম	দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট, ডিজিটাল বিলবোর্ড ইত্যাদি সংগ্রহ ও প্রচারের মাধ্যমে বর্তমান সরকারের সাফল্য তুলে ধরতে হবে।	১। জেলা প্রশাসকের কার্যালয় ২। জেলা তথ্য অফিস ৩। জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সভাপতি নিম্নোক্ত উপ-কমিটি গঠন করেন।

১৮ অক্টোবর ২০২২ খ্রি. তারিখ ‘শেখ রাসেল দিবস ২০২২’ উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি/উপ-কমিটি সমূহ গঠন করা হল।

জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শেখ রাসেল ডিজিটাল ল্যাব নির্বাচন উপ-কমিটি

ক্রমিক	পদবী	কমিটির পদবী
০১	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা	আহবায়ক
০২	পিটিআই ইন্সট্রাক্টর, ভোলা	সদস্য
০৩	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ভোলা	সদস্য
০৪	শিক্ষা গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ভোলা	সদস্য
০৫	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভোলা সদর, ভোলা	সদস্য
০৬	উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা	সদস্য-সচিব

সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত উপ-কমিটি

ক্রমিক	পদবী	কমিটির পদবী
০১	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা	আহবায়ক
০২	জেলা শিক্ষা অফিসার, ভোলা	সদস্য
০৩	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা	সদস্য
০৪	জেলা তথ্য অফিসার, ভোলা	সদস্য
০৫	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ভোলা	সদস্য
০৬	জেলা কালচারাল অফিসার, ভোলা	সদস্য
০৭	মেহেদী হাসান, প্রধান শিক্ষক, ভোলা টাউন কমিটি মাধ্যমিক বিদ্যালয়	সদস্য
০৮	মোসাঃ সাহিদা আক্তার, প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভোলা	সদস্য
০৯	উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা	সদস্য-সচিব

(মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী)

জেলা প্রশাসক, ভোলা

ও

সভাপতি, শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন কমিটি

ফোন : ০৪৯১-৬২৪০০

ই-মেইল: dcbhola@mopa.gov.bd

স্মারক নং-

২৮ আশ্বিন, ১৪২৯

তারিখ:

১৩ অক্টোবর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৬। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
- ০৮। জেলা..... কর্মকর্তা , ভোলা।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), ভোলা।
- ১০। জনাব..... ভোলা।
- ১১। অফিস কপি।

(বিবেক সরকার)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা

ও

সদস্য-সচিব

শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন কমিটি